তারিখ 15 DEC 2012
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬

দৈনিক
ইত্তেফাক

# পাকিস্তানের সঙ্গে সব সম্পর্ক ছিন্ন করল ঢাকা বিশ্ববিদ্যালয়

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

পাকিস্তানের সঙ্গে আনুষ্ঠানিকভাবে সব ধরনের সম্পর্ক ছিন্ন করার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়। গতকাল সোমবার বিকালে বিশ্ববিদ্যালয়ের এক বিশেষ সিন্ডিকেট সভা শেষে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় তিনি বলেন, 'আজ থেকে নতুন করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পাকিস্তানের কোন বিশ্ববিদ্যালয় বা অন্য কোন প্রতিষ্ঠানের একাডেমিক এক্সচেঞ্জ বা সমঝোতা স্মারক সই হবে না। যেগুলো আছে, সেগুলোও স্থগিত থাকবে।'

একাত্তরের মুক্তিযুদ্ধে পাকিস্তান যদি তাদের কৃতকর্মের জন্য নিঃশর্তভাবে ক্ষমা প্রার্থনা করে, তাহলে এ সিদ্ধান্তের ব্যাপারে পরে সিদ্ধান্ত নেয়া হবে বলে তিনি জানান।

এর আগে গত পহেলা ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঘোষণা দেন, পাকিস্তানের সঙ্গে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর কোন সম্পর্ক থাকবে না। বিশ্ববিদ্যালয়ের কোনো ছাত্র বা শিক্ষক প্রতিনিধি আগামীতে পাকিস্তানে যাবেন না।

সংবাদ সম্মেলনে উপাচার্য বলেন, 'একাত্তরে পাকিস্তান এদেশে যে গণহত্যা চালিয়েছে তা পরবর্তীতে বিশ্বের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। কিন্তু তা সত্ত্বেও তা কিভাবে অস্বীকার করছে তা আমাদের বোধগোম্য নয়। ৩০ লাখ মানুষ হত্যার সাথে যারা জড়িত তাদের দেশ পাকিস্তান। কিন্তু যখন তারা বলে, গণহত্যার সাথে জড়িত নয়, তখন আমরা মনে করি, আবার দ্বিতীয়বার গণহত্যার ন্যায় অপরাধ করছে পাকিস্তান।'

তিনি বলেন, 'এ সিদ্ধান্তের ফলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র-শিক্ষক পাকিস্তানে যাবে না। তারা আসলেও আমরা গ্রহণ করবো না। তবে এ বিশ্ববিদ্যালয়ে পাকিস্তানের যেসব শিক্ষার্থী অধ্যয়নরত আছে তারা থাকবে। কারণ সিদ্ধান্ত গ্রহণ করার পূর্বে তারা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছিল।'

এছাড়া, সিন্ডিকেট সভায় ১৯৫ জন পাকিস্তানির বিচার করার জন্য পাকিস্তান সরকারের প্রতি আহ্বান জানানো হয়। আর পাকিস্তানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করতে সিন্ডিকেট সভা থেকে বাংলাদেশ সরকারের প্রতি অনুরোধ জানানো হয়। বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয় নিয়ে মন্তব্য করায় এবং যুদ্ধাপরাধী রাষ্ট্র হিসেবে পাকিস্তানের সদস্যপদ বাতিল করতে সিন্ডিকেট সার্ক ও জাতিসংঘসহ বিভিন্ন সংস্থার প্রতি অনুরোধ করেছে।